



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
পরিচালক (অপারেশন এন্ড মেইটেন্যান্স) এর কার্যালয়
মেট্রোরেল ভবন (লেভেল-০৫), দিয়াবাড়ী, উত্তরা, ঢাকা-১২৩০
www.dmtcl.gov.bd



স্মারক নম্বর: ৩৫.০৫.০০০০.০২১.৪৪.০০১.২৩-২২৫

তারিখঃ ১৬ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
৩০ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

মন্ত্রিপরিষদ বিভাগের প্রশাসন শাখা-১ এর পত্র নং-০৫.০০.০০০০.০০০.১১০.৯৯.০০৯.২৬.৩৬৭; তারিখ- ২৯ মার্চ ২০২৬খ্রি. এর নির্দেশনার পরিপ্রেক্ষিতে এবং সরকারি বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়সহ দাপ্তরিক শৃঙ্খলা নিশ্চিত করার লক্ষ্যে নিম্নবর্ণিত কর্মকর্তাদের সমন্বয়ে দুইটি 'ভিজিলাস টিম' গঠন করা হলো:

ডিপো ভিজিলাস টিম (ক):

ক্রম	নাম ও পদবী	সদস্য সংখ্যা
১	জনাব মো: হাসিবুল হাসান, সহকারী ব্যবস্থাপক (বিষ্টিং সার্ভিসেস ডিপো ই এন্ড এম), ডিএমটিসিএল ও তাঁর উপযুক্ত ০১(এক) জন প্রতিনিধি;	০২ (দুই) জন
২	জনাব মো: ইছা, সহকারী ব্যবস্থাপক (ইন্সপেকশন), ডিএমটিসিএল ও তাঁর উপযুক্ত ০১(এক) জন প্রতিনিধি;	০২ (দুই) জন
৩	জনাব তানভীর রহমান, সহকারী ব্যবস্থাপক (নিরাপত্তা), ডিএমটিসিএল;	০১ (এক) জন

স্টেশন ভিজিলাস টিম (খ):

ক্রম	নাম ও পদবী	সদস্য সংখ্যা
১	জনাব আলী মোহাম্মদ সালেহ, সহকারী ব্যবস্থাপক [বিষ্টিং সার্ভিসেস(ই এন্ড এম)], ডিএমটিসিএল ও তাঁর উপযুক্ত ০১(এক) জন প্রতিনিধি;	০২ (দুই) জন
২	জনাব মোঃ সামিউল কাদির, সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল), ডিএমটিসিএল ও তাঁর উপযুক্ত ০১(এক) জন প্রতিনিধি;	০২ (দুই) জন
৩	জনাব মোঃ জুবায়ের হোসেন, নিরাপত্তা কর্মকর্তা, ডিএমটিসিএল;	০১ (এক) জন

ভিজিলাস টিমের কার্যপরিধি:

ভিজিলাস টিম ক এবং খ, বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ের নির্দেশনাসমূহ (মন্ত্রিপরিষদ বিভাগের প্রশাসন শাখা-১ এর পত্র নং-০৫.০০.০০০০.০০০.১১০.৯৯.০০৯.২৬.৩৬৭; তারিখঃ ২৯ মার্চ ২০২৬ খ্রি., ডিএমটিসিএল এর পত্র নং-৩৫.০৫.০০০০.০২১.৪৪.০০১.২৩-৯৫; তারিখঃ ০৯ মার্চ ২০২৬ খ্রি. এবং ডিএমটিসিএল এর পত্র নং-৩৫.০৫.০০০০.০২৪.৪৫.০০১.২৪-১১২; তারিখঃ ২৫ মার্চ ২০২৬ খ্রি.) সঠিকভাবে প্রতিপালন করা হচ্ছে কিনা তা নিয়মিতভাবে মনিটরিং করবেন এবং কোনো ব্যত্যয় ঘটলে যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করবেন। এছাড়া উক্ত টিমদ্বয় সাপ্তাহিক মনিটরিং প্রতিবেদন পরিচালক (অপারেশন এন্ড মেইটেন্যান্স) এর কার্যালয় প্রেরণ করবেন।

জনস্বার্থে অবিলম্বে এই আদেশ কার্যকর হবে।

(মোঃ নজরুল ইসলাম)

পরিচালক (অপারেশন এন্ড মেইটেন্যান্স)

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)

স্মারক নম্বর: ৩৫.০৫.০০০০.০২১.৪৪.০০১.২৩-

তারিখঃ ১৬ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
৩০ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

অনুলিপি: সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১) প্রকল্প পরিচালক (লাইন-৬/ লাইন-১/ লাইন-৫: নর্দার্ন রুট/ লাইন-৫: সাউদার্ন রুট), ডিএমটিসিএল, ঢাকা;
- ২) পরিচালক (সকল), ডিএমটিসিএল, ঢাকা;
- ৩) মহাব্যবস্থাপক (সকল), ডিএমটিসিএল, ঢাকা;
- ৪) অধ্যক্ষ (এমআরটি ট্রেনিং সেন্টার), ডিএমটিসিএল, ঢাকা;
- ৫) উপ-মহাব্যবস্থাপক (সকল), ডিএমটিসিএল, ঢাকা;
- ৬) ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, ডিএমটিসিএল, ঢাকা;
- ৭) সিস্টেম এনালিস্ট, ডিএমটিসিএল [অফিস আদেশটি ডিএমটিসিএল-এর ওয়েবসাইট এ প্রকাশের অনুরোধসহ]
- ৮) কর্মকর্তা/কর্মচারী (সকল), ডিএমটিসিএল এবং
- ৯) অফিস কপি/মাস্টার কপি।

(মোঃ নজরুল ইসলাম)

পরিচালক (অপারেশন এন্ড মেইটেন্যান্স)

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)

নং- ০৫.০০.০০০০.০০০.১১০.৯৯.০০০৯.২৬.৩৬৭

তারিখ: ১৫ চৈত্র ১৪৩২
২৯ মার্চ ২০২৬

বিষয়ঃ সরকারি কর্মকর্তা/কর্মচারীগণের সকাল ৯:০০টা থেকে ৯:৪০ মিনিট পর্যন্ত নিজ অফিস কক্ষে আবশ্যিকভাবে অবস্থান, বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয় এবং অফিস কক্ষ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

সূত্র: ১। ০৪.০০.০০০০.০০০.৫১৩.১৮.০০০১.২৬.৭০, তারিখ: ০২ মার্চ ২০২৬ খ্রি.

২। ০৪.০০.০০০০.০০০.৪১৬.৯৯.০০০৬.২৫.১২৩, তারিখ: ০৫ মার্চ ২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রদ্বয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ইতঃপূর্বে মন্ত্রিপরিষদ বিভাগ হতে সরকারি কর্মকর্তা/কর্মচারীগণের ৯:০০টা থেকে ৯:৪০ মিনিট পর্যন্ত নিজ অফিস কক্ষে আবশ্যিকভাবে অবস্থান এবং বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়সহ দায়িত্বশীল আচরণ নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার লক্ষ্যে নির্দেশনা প্রদান করা হয়। প্রদত্ত নির্দেশনাসমূহ প্রতিপালন অত্যন্ত গুরুত্বপূর্ণ হলেও এর ব্যত্যয় পরিলক্ষিত হচ্ছে। এমতাবস্থায়, মন্ত্রিপরিষদ বিভাগের সূত্রোক্ত পত্রদ্বয় অনুসরণপূর্বক নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ প্রতিপালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- প্রতিদিন সকাল ৯:০০টা থেকে ৯:৪০ মিনিট পর্যন্ত নিজ অফিস কক্ষে আবশ্যিকভাবে অবস্থান করতে হবে। দাপ্তরিক কর্মসূচি প্রণয়নের ক্ষেত্রেও উক্ত সময়সীমা যাতে বিঘ্নিত না হয়, সে বিষয়ে সতর্ক থাকতে হবে;
- দিনের বেলায় পর্যাপ্ত প্রাকৃতিক আলো থাকলে বৈদ্যুতিক বাতি ব্যবহারে সশ্রমী হতে হবে এবং জানালা ও দরজা কিংবা ব্লাইন্ড খোলা রেখে প্রাকৃতিক আলো ব্যবহার করতে হবে;
- অফিস চলাকালীন শুধুমাত্র প্রয়োজনীয় সংখ্যক লাইট, ফ্যান, এয়ার কন্ডিশনার ও অন্যান্য বৈদ্যুতিক যন্ত্রপাতি ব্যবহার করতে হবে;
- এয়ার কন্ডিশনার ব্যবহারের ক্ষেত্রে তাপমাত্রা ২৫ ডিগ্রি সেলসিয়াস বা তার উপরে রাখতে হবে;
- অফিস কক্ষ ত্যাগ করার সময় কক্ষের বাতি, ফ্যান, এয়ার কন্ডিশনারসহ সকল বৈদ্যুতিক সরঞ্জাম বন্ধ করতে হবে;
- অফিসের করিডোর, সিঁড়ি, ওয়াশরুম ইত্যাদি স্থানে অপ্রয়োজনীয় বাতি ব্যবহার বন্ধ করতে হবে;
- অফিস সময় শেষ হওয়ার পর সকল বৈদ্যুতিক যন্ত্রপাতি (লাইট, ফ্যান, কম্পিউটার, প্রিন্টার, জ্যানার, এয়ার কন্ডিশনার ইত্যাদি) বন্ধ নিশ্চিত করতে হবে;
- সরকারি নির্দেশনা ব্যতিরেকে আলোকসজ্জা পরিহার করতে হবে;
- জ্বালানি ব্যবহারে সশ্রমী হতে হবে;
- অফিস কক্ষ, করিডোর, টয়লেট, সিঁড়ি, সিঁড়ির হাতল ইত্যাদি নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে এবং
- উক্ত নির্দেশনা প্রতিপালন/মনিটরিং এর জন্য সকল দপ্তর/সংস্থা/কার্যালয়কে ডিজিটাল টিম গঠন করতে হবে।

শরিফুল ইসলাম
উপসচিব
৫৫১০০২১৮

adminint@mopa.gov.bd